# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৯

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৬৯. চুমো দিলে অযু করা প্রসঙ্গে

باب الْوُضُوءِ مِنَ الْقُبْلَةِ

---

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ حَبِيبٍ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَبَّلَ امْرَأَةً مِنْ نِسَائِهِ ثُمَّ خَرَجَ إِلَى الصَّلاَةِ وَلَمْ يَتَوَضَّأْ . قَالَ عُرْوَةُ فَقُلْتُ لَهَا مَنْ هِيَ إِلاَّ أَنْتِ فَضَحِكَتْ .

ـ صحيح

قَالَ أَبُو دَاوُدَ هَكَذَا رَوَاهُ زَائِدَةُ وَعَبْدُ الْحَمِيدِ الْحِمَّانِيُّ عَنْ سُلَيْمَانَ الأَعْمَشِ

বাংলা

১৭৯। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কোন এক স্ত্রীকে চুমো দিলেন, অতঃপর সালাত আদায়ের জন্য বের হলেন, কিন্তু অযু করলেন না। ’উরওয়াহ বলেনঃ আমি ’আয়িশাহ্ (রাঃ)-কে বললাম, ’সেই স্ত্রী আপনি নন কি? ফলে তিনি হেসে দিলেন।[1]

সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, সুলাইমান আল-আ’মাশ সূত্রে যায়িদাহ এবং ’আবদুল হামীদ আল-হিম্মানী অনুরূপ বর্ণনা করেছেন।

## English

'Aishah reported:
The Prophet (ﷺ) kissed one of his wives and went out for saying prayer. He

did not perform ablution. 'Urwah said: I said to her: Who is she except you! Thereupon she laughed. Abu Dawud said: The same version has been reported through a different chain of narrators.

## ফুটনোট

[1] ইবনু জারীর আত-ত্বাবারী ‘তাফসীরে’ (৮/৩৯৬, হাঃ ৯৬২৯) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ চুমু দেয়ার পর উযু করা, হাঃ ৫০২), তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ চুমু দিলে উযু করতে হবে না, হাঃ ৮৬), আহমাদ (৬/২১), প্রত্যেকেই ওয়াকী থেকে আ‘মাশ সূত্রে উপরোক্ত সনদে। আহমাদ শাকির বলেন, এর সানাদ সহীহ। এতে কোনো দোষ নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57497

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন